# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪২৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب الْمَلَاحِمِ)

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: يُوشِكُ الْمُسْلِمُونَ أَنْ يُحَاصَرُوا إِلَى الْمَدِينَةِ حَتَّى يَكُونَ أَبْعَدَ مَسَالِحِهِمْ سَلَاحٌ وَسَلَاحٌ: قَرِيبٌ مِنْ خَيْبَرَ. رَوَاهُ أَبُو دَاوُد

حسن ، رواه ابوداؤد (4250) [و الحاکم (4 / 511 ح 8560) و صححه علی شرط مسلم و وافقه الذھبی و سندہ حسن] ۔

(صَحِيح)

### বাংলা

৫৪২৭-[১৮] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অদূর ভবিষ্যতে মুসলিমগণ মদীনায় ঘেরাও হবে এবং তাদের দূর প্রান্তসীমা হবে সালাহ পর্যন্ত। আর ’সালাহ’ হলো খায়বারের নিকটবর্তী একটি জায়গার নাম। (আবূ দাউদ)

### ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৪২৫০, সহীহুল জামি' ৮১৮১, সহীহ ইবনু হিব্বান ৬৭৭১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৯২, আল মু'জামুল আওসাত্ব ৬৪৩২, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৬০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : অত্র হাদীসে মদীনাহ্ বলতে মদীনাতুন্ নবী (সা.) উদ্দেশ্য। শত্রু কর্তৃক মুসলিমগণ সেখানে বন্দি হয়ে পড়বে অথবা মুসলিমগণ কাফিরদের থেকে পালিয়ে যাবে এবং মদীনাহ্ ও সালাহ-এর মধ্যবর্তী স্থানে একত্রিত

হবে। অথবা কিছুসংখ্যক মুসলিম মদীনার দুর্গে প্রবেশ করবে এবং কিছুসংখ্যক মুসলিম মদীনার চতুর্দিকে পাহারা বসাবে। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85405

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন